

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৬২৮

আগরতলা, ৪ ফেব্রুয়ারি, ২০২৫

রাংকাং আয়ুষ্মান আরোগ্য মন্দিরে যক্ষ্মা রোগ সনাক্তকরণ শিবির



রাংকাং আয়ুষ্মান আরোগ্য মন্দিরে গত ৩০ জানুয়ারি যক্ষ্মা রোগ সনাক্তকরণ শিবিরের আয়োজন করা হয়। শিবিরে স্বাস্থ্যকর্মীরা যক্ষ্মা রোগ নির্ণয়ে স্ক্রিনিং করেন এবং যক্ষ্মা রোগের উপর বিস্তারিত আলোচনা করেন। শিবিরে উপস্থিত ছিলেন অমরপুর মহকুমা হাসপাতালের চিকিৎসক ডাঃ রূপম সাহা (আয়ুষ)। তিনি শিবিরে উপস্থিত এলাকাবাসীদের মধ্যে যাদের যক্ষ্মা বা টিবি রোগের লক্ষণ ছিল তাদেরকে সিওয়াই স্ক্রিনিং এর মাধ্যমে যক্ষ্মা রোগের সনাক্তকরণ করেন। তাতে এদিন মোট ৩০ জনকে সিওয়াই-টিবি স্ক্রিনিং করা হয়। এর পাশাপাশি উক্ত শিবিরে স্বাস্থ্যকর্মীরা উপস্থিত এলাকাবাসীদের মধ্যে যক্ষ্মা রোগের লক্ষণ ও প্রতিরোধের উপায় নিয়ে বিস্তারিত আলোচনা করেন। এই শিবিরে উপস্থিত ছিলেন অমরপুর মহকুমা হাসপাতালের এমপিএস মানস কুমার রায়, এমপিডব্লিও মহম্মদ নজরুল ইসলাম এবং কমিউনিটি হেলথ অফিসার ইকবাল হোসেন সহ এলাকার আশাকর্মীরা। পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তর থেকে এক প্রেস রিলিজে এই সংবাদ জানানো হয়েছে।
